দেশ গড়ার লক্ষ্যেই ১০ দলের নির্বাচনী ঐক্য: মামুনুল হক



সংগৃহীত ছবি

বাংলার মানুষের কল্যাণ ও ভবিষ্যৎ গড়ার লক্ষ্য নিয়েই ১০ দলীয় ঐক্য নির্বাচনে অংশ নিয়েছে, কোনো একক দলকে শক্তিশালী করার উদ্দেশ্যে নয়— এমন মন্তব্য করেছেন বাংলাদেশ খেলাফত মজলিসের আমির আল্লামা মামুনুল হক।

শনিবার (২৪ জানুয়ারি) দুপুরে পটুয়াখালীর বাউফল পাবলিক মাঠে আয়োজিত এক নির্বাচনী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ১০ দলীয় নির্বাচনী ঐক্যের প্রার্থী ড. শফিকুল ইসলাম মাসুদের দাঁড়িপাল্লা প্রতীকের সমর্থনে এ সমাবেশের আয়োজন করা হয়।

বক্তব্যে মামুনুল হক বলেন, দেশের মানুষ একটি পরিবর্তনের মুহূর্তে দাঁড়িয়ে নতুনভাবে ঐক্যবদ্ধ হয়েছে। তারা অতীতের অনিয়ম ও দুর্ব্যবস্থার রাজনীতি থেকে বেরিয়ে নতুন রাজনৈতিক সংস্কৃতি গড়ে তুলতে চায়। সমাবেশে মানুষের উপস্থিতিকে তিনি জনসমর্থনের প্রমাণ হিসেবে উল্লেখ করেন এবং পুরোনো ধারার রাজনীতির পুনরাবৃত্তি না হওয়ার প্রত্যাশা ব্যক্ত করেন।

LENS ASIA